দৈনিক ইনকিলাব

তাং ... 5 APR. 2003 ...
পৃঃ ... ৭ কলাম ... ৬

# শিক্ষা ক্যাডারের পদ থেকে ভিন্ন ক্যাডার কর্মকর্তাদের অপসারণ করতে হবে

## —বিক্ষুব্ধ শিক্ষকবৃন্দ

**স্টাফ রিপোর্টার :** বিসিএস সাধারণ শিক্ষা সমিতি শিক্ষা সংশ্লিষ্ট সকল দফতর থেকে ৪১ জন উপসচিবের পদায়ন অবিলম্বে বাতিলসহ বিভিন্ন শিক্ষা প্রকল্প, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), টেক্সট বুক বোর্ড, প্রাথমিক শিক্ষা অধিদফতর; উপানুষ্ঠানিক শিক্ষা অধিদফতর, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা, মাদ্রাসা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদফতর, কারিগরি শিক্ষা বোর্ড, জাতীয় বিশ্ববিদ্যালয়, ব্যানবেইস, ইউনেস্কো, বিজ্ঞান জাদুঘরসহ সকল শিক্ষা বিষয়ক পদ হতে শিক্ষা ক্যাডার বহির্ভূত কর্মকর্তাদের অপসারণ দাবী করে এ ব্যাপারে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন। ঢাকার তোপখানা সড়কের শিক্ষাবিদ ইনস্টিটিউটে গতকাল এ সম্পর্কে শিক্ষকদের এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি প্রফেসর কফিল উদ্দিন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে শিক্ষা ক্যাডারের পদসমূহে প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের পদায়ন বাতিল করা না হলে আগামী শুক্রবার অনুষ্ঠিত সমিতির কার্যনির্বাহী কমিটির পরবর্তী সভায় কঠোর কর্মসূচী গ্রহণের কথা বলা হয়।